চাঁদপুরে প্রস্তুত প্রধানমন্ত্রীর জনসভা মঞ্চ, নেতাকর্মীদের ঢল



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবারের মতো চাঁদপুর সফরে যাচ্ছেন তারেক রহমান। শনিবার (১৬ মে) সকালে রাজধানীর গুলশানের বাসভবন থেকে তিনি চাঁদপুরের উদ্দেশে রওনা দেন। তার আগমনকে কেন্দ্র করে চাঁদপুর সরকারি কলেজ মাঠে জনসভার সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

বিকেলে অনুষ্ঠিতব্য এ সমাবেশ থেকেই আনুষ্ঠানিকভাবে চালু করা হবে 'ফ্যামিলি কার্ড' কার্যক্রম। অনুষ্ঠান ঘিরে বিএনপির নেতাকর্মীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। বিভিন্ন এলাকা থেকে দলীয় সমর্থকরা সমাবেশস্থলে জড়ো হতে শুরু করেছেন।

পুরো অনুষ্ঠানস্থলকে ঘিরে নেওয়া হয়েছে কঠোর নিরাপত্তাব্যবস্থার আওতায়। আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি দলীয় স্বেচ্ছাসেবকরাও মাঠে সক্রিয় রয়েছেন। প্রধানমন্ত্রী হিসেবে চাঁদপুরে এটিই তার প্রথম সফর হলেও, এর আগে ২০০৪ সালে বিএনপির নেতা হিসেবে জেলাটিতে এসেছিলেন তিনি।

শুক্রবার রাতে জনসভাস্থল পরিদর্শন করেন সরকারের কয়েকজন মন্ত্রী। তাদের মধ্যে ছিলেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন এবং পানিসম্পদমন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। তারা সার্বিক প্রস্তুতি ও নিরাপত্তা পরিস্থিতি পর্যবেক্ষণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এ কে এম সলিম উল্যা সেলিম, প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং স্থানীয় বিএনপির নেতারা।

উল্লেখ্য, সর্বশেষ ২০১২ সালে খালেদা জিয়া চাঁদপুর সফর করেছিলেন। দীর্ঘ সময় পর জিয়া পরিবারের আরেক সদস্যের সফরকে ঘিরে জেলার রাজনৈতিক অঙ্গনে নতুন উদ্দীপনা তৈরি হয়েছে।